

## দারস ১৫

বিষয়: ۾ 'র' মোটা ও পাতলা করে পড়ার নিয়ম

۾ 'র' হরফটি দুইভাবে পড়া যায়। ১. পুর (মোটা), ২ বারিক (পাতলা)। নিম্নে 'র' কখন মোটা করে পড়তে হয় আর কখন পাতলা করে পড়তে হয় নিয়মগুলো বিস্তারিত আলোচনা করা হলো।

তার আগে একটি সাধারণ নিয়ম মনে রাখুন, ۾ 'র' এর উপর যবর বা পেশ থাকলে 'র' পুর বা মোটা করে পড়তে হয়। আর যের থাকলে বারিক বা পাতলা করে পড়তে হয়। তাশদিদ থাকলেও একই নিয়ম প্রযোজ্য।

পাঠ : ۾ 'র' পুর (মোটা) করে পড়ার নিয়ম

নিয়ম ১. ۾ 'র' হরফে সরাসরি যবর অথবা পেশ থাকলে ۾ পুর করে পড়তে হয়।

|       |           |           |         |         |
|-------|-----------|-----------|---------|---------|
| سُرُّ | بَاسِرَةٌ | رَسُولُهُ | صِرَاطٌ | رَبُّكَ |
|-------|-----------|-----------|---------|---------|

নিয়ম ২. ۾ 'র' সাকিনের পূর্বের হরফে যবর অথবা পেশ থাকলে ۾ পুর করে পড়তে হয়।

|            |             |             |         |             |
|------------|-------------|-------------|---------|-------------|
| فَأَثَرُنَ | وَمُرْسَهَا | تُرْحَمُونَ | قُرْآنٌ | أَرْسَلْنَا |
|------------|-------------|-------------|---------|-------------|

পাঠ ২: ۾ 'র' বারিক (পাতলা) করে পড়ার নিয়ম

নিয়ম ১. ۾ 'র' হরফে সরাসরি যের থাকলে ۾ বারিক করে পড়তে হয়।

|                |             |            |             |              |
|----------------|-------------|------------|-------------|--------------|
| فَالْفِرْقَاتِ | بِنُورِهِمْ | مِنْ شَرِّ | وَالْقَبْرِ | الْقَارِعَةُ |
|----------------|-------------|------------|-------------|--------------|

নিয়ম ২. ۾ 'র' হরফে ওয়াক্বফ, এর পূর্বের হরফে যের থাকলে ۾ বারিক করে পড়তে হয়।

# ○ مُذَكَّرٌ ○ قَدْ قُدِرَ

বিষয়ঃ ওয়াকুফ (শব্দের শেষে থাকার নিয়মসমূহ)

কুরআন কারিম পাঠের সময় আয়াতের শেষে আমরা ওয়াকুফ বা থামার চিহ্ন পাবো। বাংলায় দাঁড়ি থাকলে যেভাবে থামতে হয় তেমনি আরবীতে আয়াতের শেষে ওয়াকুফের চিহ্ন থাকলে থামতে হয়। ওয়াকুফের জন্য ○ এই চিহ্নটি ব্যবহৃত হয়। নিম্নে ওয়াকুফের নিয়মসমূহ আলোচনা করা হলো।

নিয়ম ১. সাধারণত যে কোনো শব্দের শেষে সুকুন হবে।

|                         |                   |
|-------------------------|-------------------|
| طَعَامِهِ ○ ← طَعَامِهِ | بَخِلَ ○ ← بَخِلَ |
|-------------------------|-------------------|

নিয়ম ২. গোল 'তা' থাকলে হা সুকুন হবে।

|                           |                           |
|---------------------------|---------------------------|
| مَغْفِرَةٌ ○ ← مَغْفِرَةٌ | الْآخِرَةُ ○ ← الْآخِرَةُ |
|---------------------------|---------------------------|

নিয়ম ৩. দুই যবর থাকলে এক আলিফ টান হবে (মাদ্দে ইওয়াজ)।

|                           |                       |
|---------------------------|-----------------------|
| أَعْمَالًا ○ ← أَعْمَالًا | تَوَابًا ○ ← تَوَابًا |
|---------------------------|-----------------------|

নিয়ম ৪. তাশদিদ থাকলে হরফের উপর হালকা চাপ দিয়ে পড়তে হবে।

|                     |                     |
|---------------------|---------------------|
| نَبِيٌّ ○ ← نَبِيٌّ | وَتَبُّ ○ ← وَتَبُّ |
|---------------------|---------------------|

নিয়ম ৫. শেষের আলিফ, খাড়া যবর ও সুকুন থাকলে অপরিবর্তনীয় থাকবে।

|              |        |             |
|--------------|--------|-------------|
| أَنْفُسَهُمْ | مُوسَى | أَنْفُسَنَا |
|--------------|--------|-------------|

তাহযিব ইনস্টিটিউট

দ্বীনি জ্ঞানার্জনের উন্মুক্ত প্ল্যাটফর্ম

www.tahzibinstitute.com

01730986832 (Call/WhatsApp)